সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

২২/২২ খিলজী রোড, মোহাম্মাদপুর, ঢাকা-১২০৭

প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ১৩তম সভার কার্যবিবরণী

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ১৩তম সভা গত ৩০ ডিসেম্বর, ২০২১ তারিখ অপরাহ্ন ৪:০০ ঘটিকায় সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন। নৈতিকতা কমিটির নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

১.	মো: গোলাম ফারুখ পরিচালক (অপারেশন)	সদস্য
২.	মো: মাহবুবুল আলম পরিচালক (অর্থ ও ক্রয়)	সদস্য
৩.	এমআইএম জুলফিকার প্রজেক্ট কো-অর্ডিনেটর, এসসিএমএফপি	সদস্য
৪.	মো: লুৎফর রহমান মহাব্যবস্থাপক (এমইএন্ডএল)	সদস্য
৫.	মো: শহিদ রহমত কাদির মহাব্যবস্থাপক (মানব সম্পদ)	সদস্য
৬.	মো: ইশতিয়াক মাহমুদ মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা)	সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট

সভার আলোচ্যসূচী:

১. গত ২৯/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

২. এসডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২১-২০২২ এর ২য় (দ্বিতীয়) প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন বিষয়ে আলোচনা।

৩. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী 'মুক্তিযুদ্ধের চেতনা ও সুশাসন: টেকসই উন্নয়নে এসডিএফ' বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

৪. বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা প্রসঙ্গে।

৫. কোভিড-১৯ (Covid-19) অতিমারি এর চলমান পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে চলা সংক্রান্ত।

৬. বিবিধ।

আলোচ্যসূচী-১:

গত ২৯/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ১২তম সভার কার্যবিবরণী পাঠ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

আলোচনার সারসংক্ষেপ:

সভার শুরুতে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন কুশল বিনিমিয় করেন। অতপর গত ২৯ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির দ্বাদশ সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে কিনা বা কারো কোনো মন্তব্য আছে কিনা জানতে চাওয়ায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ কার্যবিবরণীটিতে গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে ঐক্যমত প্রকাশ করেন।

সিদ্ধান্ত:

২৯/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যের সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্যসূচী-২:

এসডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২১-২০২২ এর ২য় (দ্বিতীয়) প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন বিষয়ে আলোচনা।

আলোচনার সারসংক্ষেপ:

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন, সভায় এসডিএফ-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা'র পাশাপাশি পূর্ববর্তী প্রান্তিকসহ চলতি প্রান্তিকের অর্জন প্রতিবেদন উপস্থাপন করতে অনুরোধ করেন। ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন বলেন যে কর্ম-পরিকল্পনার

- সূচক ১.১ (নৈতিকতা কমিটির সভা আয়োজন) অথাৎ প্রধান কার্যালয়ের নৈতিকতা কমিটির সভার যে লক্ষ্যমাত্রা তা আজকের সভা অনুষ্ঠিত হবার মাধ্যমে অর্জিত হচ্ছে ।
- সূচক ১.২ (নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন) এর অর্জন হচেছ এই সভা হতে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন।
- সূচক ১.৩ (সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা) এই সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
- সূচক ১.৪ (শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন): এই সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন বলেন, বেশী বেশী মাঠ পরিদর্শন করে GAAP, CAP, SAC কার্যক্রম ফলোআপ করে সমস্যা বের করে বিষয়গুলো নিয়ে আলোচনা করলে ভালো ফল পাওয়া যাবে।
- সূচক ১.৫ (কর্ম-পরিবেশ উন্নয়ন)-এই সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
- সূচক ৩.৩ (নারীর ক্ষমতায়ন) এই সূচকে কর্মসূচি চলমান আছে।
- সূচক ৩.৪ (সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ)-এই সূচকের কার্যক্রম চলমান আছে।
- সূচক ৩.৫ (শ্রেণিবিন্যাসকৃত নথি বিনষ্টকরণ)-এই সূচকের কার্যক্রম চলমান আছে।

আলোচ্যসূচী-৩:

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী 'মুক্তিযুদ্ধের চেতনা ও সুশাসন: টেকসই উন্নয়নে এসডিএফ' বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

আলোচনার সারসংক্ষেপ:

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং সংস্থার মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী 'মুক্তিযুদ্ধের চেতনা ও সুশাসন: টেকসই উন্নয়নে এসডিএফ' বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।

আলোচ্যসূচী-৪:

বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা প্রসঙ্গে।

আলোচনার সারসংক্ষেপ:

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন বলেন যে, নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-এর খসড়া তৈরি করে জমা দিয়েছেন, যার কপি নৈতিকতা কমিটির সকল সদস্যকে দেওয়া হয়েছে।

সিদ্ধান্ত:

আগামী নৈতিকতা কমিটির সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত খসড়ার ফিডব্যাক উপস্থাপিত হবে, অতপর তা আলোচনা পূর্বক চূড়ান্ত করে ওয়েবসাইটে আপলোড করা হবে।

আলোচ্যসূচী-৫:

কোভিড-১৯ (Covid-19) অতিমারি এর চলমান পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে চলা সংক্রান্ত।

আলোচনার সারসংক্ষেপ:

কোভিড-১৯ (Covid-19) অতিমারি এর চলমান পরিস্থিতিতে কর্মক্ষেত্রে স্বাস্থ্যবিধি মেনে দায়িত্ব পালন বিষয়ে বলেন সকলেই এখন সচেতন। তিনি বলেন যে, স্বাস্থ্যবিধি মেনে চলা যার যার নিজ দায়িত্ব। সকল কর্মকর্তা/কর্মচারীদের এ সংক্রান্ত স্বাস্থ্যবিধি এবং অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট নির্দেশনা মেনে চলা বাধ্যতামূলক।

সিদ্ধান্ত:

কোভিড-১৯ (Covid-19) অতিমারি এর চলমান পরিস্থিতি মোকাবেলায় কর্মক্ষেত্রে স্বাস্থ্যবিধি ও সংশ্লিষ্ট নির্দেশনা মেনে দায়িত্ব পালন প্রসঙ্গে অফিস আদেশ জারি করতে হবে।

আলোচ্যসূচী-৬ (বিবিধ):

বিবিধ আলোচনায় অংশ নিয়ে মো: গোলাম ফারুখ, পরিচালক (অপারেশন) এবং সদস্য প্রধান কার্যালয় নৈতিকতা কমিটি একটি প্রস্তাবনা রাখেন;

- আমাদের বিভিন্ন বিভাগের কর্মকর্তা দ্বারা মাঠ পরিদর্শনের প্রাপ্ত তথ্য এবং সকল বিভাগ-এ অর্জন/সমস্যা নিয়ে করণীয় বিষয়ে উচ্চ পর্যায়ের সভা আয়োজন করা যেখানে সকল জেলা ব্যবস্থাপকগণ উপস্থিত থাকবেন।

সিদ্ধান্ত:

আমাদের সকল বিভাগ-এ অর্জন/সমস্যা নিয়ে একটি কো-অর্ডিনেশন সভার আয়োজন করার সিদ্ধান্ত নেওয়া হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় নৈতিকতা কমিটির সম্মানিত আহ্বায়ক এবং সভার সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ জেড এম সাখাওয়াত হোসেন
ব্যবস্থাপনা পরিচালক
এবং
আহ্বায়ক, এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটি